

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৪১২

১/ বিবিধ

আরবী

من صام يوم عرفة كان له كفارة سنتين، ومن صام يوما من المحرم فله بكل يوم
ثلاثون يوما
موضوع

أخرجه الطبراني في " المعجم الصغير " (ص 200) من طريق الهيثم بن حبيب حدثنا
سلام الطويل عن حمزة الزيات عن ليث بن أبي سليم عن مجاهد عن ابن عباس
مرفوعا وقال: تفرد به الهيثم بن حبيب
قلت: اتهمه الذهبي بخبر باطل، وذكره ابن حبان في " الثقات "! وسلام الطويل متهم،
وابن أبي سليم ضعيف
والحديث أعله الهيثمي (3 / 190) بالهيثم هذا وهو قصور لا يخفى، وأعجب منه قول
المنذري في " الترغيب " (1 / 78)
رواه الطبراني في " الصغير " وهو غريب وإسناده لا بأس به "، وهذا زهول عجيب،
وإلا فكيف يسلم من البأس إذا كان فيه ذاك المتهم الطويل! قال فيه ابن خراش:
كذاب، وقال ابن حبان: يروي عن الثقات الموضوعات، كأنه كان المتعمد لها، وقال
الحاكم: روى أحاديث موضوعة
والحديث رواه الطبراني أيضا في " الكبير " (109 / 1) من هذا الوجه بالشرط الأول
فقط، وهذا القدر منه صحيح لأن له شواهد كثيرة منها حديث أبي قتادة مرفوعا:
صيام يوم عرفة إنى أحسب على الله أن يكفر السنة التي بعده والسنة التي قبله

أُخرجہ مسلم (3 / 167 - 168) وغيره، وهو قطعة من حديث مخرج في "الإرواء" (952) ثم إن الطبراني روى الشطر الثاني من الحديث بلفظ آخر وهو (الأتي)

বাংলা

৪১২। যে ব্যক্তি আরাফার দিবসে সওম রাখবে; তা তার জন্য দু'বছরের কাফফারা হয়ে যাবে। আর যে ব্যক্তি মুহাররাম মাসে একদিন সওম রাখবে; তার জন্য তার প্রতিদিন ত্রিশ দিনের সমান হবে।

হাদীসটি জাল।

এটি তাবরানী “মুজামুস সাগীর” গ্রন্থে (পৃ. ২০০) হায়সাম ইবনু হাবীব সূত্রে সুলাইম হতে ... বর্ণনা করে বলেছেনঃ হায়সাম ইবনু হাবীব এককভাবে হাদীসটি বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ যাহাবী তাকে বাতিল খবর (হাদীস) বর্ণনাকারী হিসাবে দোষারোপ করেছেন। ইবনু হিব্বান তাকে “আস-সিকাত” গ্রন্থে উল্লেখ করেছেন। কিন্তু এ হায়সাম ইবনু হাবীব তার “আস-সিকাত” (৭/৫৭৬) গ্রন্থে উল্লেখকৃত ব্যক্তি নন। যাকে উল্লেখ করা হয়েছে তিনি হচ্ছেন হায়সাম ইবনু হাবীব আস-সায়রাফী। তিনি একজন তবে তাবেঈ নির্ভরযোগ্য।

সালাম আত-তাবীল মিথ্যার দোষে দোষী। এছাড়া ইবনু আবী সুলাইম দুর্বল। হায়সামী শুধুমাত্র এ হায়সামকে হাদীসটির সমস্যা হিসাবে (৩/১৯০) উল্লেখ করেছেন।

মুনযেরী “আত-তারগীব” গ্রন্থে (১/৭৮) বলেছেনঃ ‘এটি গরীব তার সনদটিতে কোন সমস্যা নেই’। এ কথাটি সঠিক নয়। এ সালামুত তাবীল সম্পর্কে ইবনু খাররাস বলেনঃ তিনি মিথ্যুক। ইবনু হিব্বান বলেনঃ তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে জাল হাদীস বর্ণনা করেছেন। তিনি যেন তা ইচ্ছাকৃতই করতেন। হাকিম বলেনঃ তিনি জাল হাদীস বর্ণনা করেছেন। তাবরানী হাদীসটি “মুজামুল কাবীর” গ্রন্থেও (১/১০৯) বর্ণনা করেছেন, তবে প্রথমাংশটুকু সহীহ। কারণ তার বহু শাহেদ এসেছে।

মুসলিম শরীফের বর্ণনায় এসেছে, “যে ব্যক্তি আরাফার দিবসে সওম রাখবে তার এক বছর পরের এবং এক বছর পূর্বের গুনাহ ক্ষমা করে দেয়া হবে।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=67997>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন